# শীঘ্রই আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে সারাদেশে যৌথবাহিনী অভিযান: ইসি সানাউল্লাহ



সংগৃহীত ছবি

নির্বাচনী পরিবেশ শান্ত রাখতে দেশজুড়ে যৌথবাহিনীর সমন্বিত অভিযান শুরু হতে যাচ্ছে। রোববার কক্সবাজারে জেলা প্রশাসনের আয়োজিত এক সভায় এ তথ্য জানান ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ।

তিনি জানান, খুব শিগগিরই স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে এ বিষয়ে আনুষ্ঠানিক পরিপত্র জারি হবে। পরিপত্র প্রকাশের সঙ্গে সঙ্গেই সারাদেশে একযোগে যৌথবাহিনীর কার্যক্রম চালু হবে। এরই মধ্যে নির্বাচন কমিশনে বাহিনীগুলোর প্রধানদের সঙ্গে সমন্বয় সভা সম্পন্ন হয়েছে এবং সংশ্লিষ্ট সব হেডকোয়ার্টার বিষয়টি অবগত রয়েছে বলে জানান তিনি।

সানাউল্লাহ বলেন, অভিযানের প্রধান লক্ষ্য নির্ধারণ করা হয়েছে তিনটি খাতে। প্রথমত, নির্বাচনকে ঘিরে যেসব অবৈধ অস্ত্র ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে, সেগুলো উদ্ধার করা। যেসব অস্ত্র উদ্ধার সম্ভব নয়, সেগুলো যাতে কোনো সহিংসতায় ব্যবহার না হয়, সে বিষয়েও কঠোর নজরদারি থাকবে। দ্বিতীয়ত, চিহ্নিত সন্ত্রাসীদের আটক করে আইনের আওতায় আনা। তৃতীয়ত, নির্বাচনকেন্দ্রিক আচরণবিধি বড় ধরনের লঙ্ঘন হলে যৌথবাহিনী সরাসরি ব্যবস্থা নেবে। ছোটখাটো অনিয়ম দেখভালের দায়িত্ব থাকবে নিয়মিত মনিটরিং কমিটিগুলোর ওপর।

রোহিঙ্গা ক্যাম্পসংক্রান্ত নিরাপত্তা নিয়েও সতর্কতা দেন তিনি। বলেন, ক্যাম্পগুলোতে কঠোর নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে। পাশাপাশি স্থলসীমান্ত ও সাগরপথে নজরদারি আরও জোরদার করা প্রয়োজন, যাতে কোনো অপরাধী চক্র এসব এলাকা ব্যবহার করে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে।

সব মিলিয়ে আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে যৌথবাহিনীর এই উদ্যোগকে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে দেখছেন